

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপদেষ্টার দপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

যুব ও ক্রীড়া উপদেষ্টার সাথে চীনের রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

প্রেস রিলিজ

ঢাকা, ১১ নভেম্বর ২০২৪

আজ (সোমবার) অন্তর্বর্তীকালীন সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া-এঁর সাথে বাংলাদেশের নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ওয়াও ওয়েনের (Yao Wen) সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

এ সময় উপদেষ্টা আসিফ মাহমুদ চীনের রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে বলেন, চীন বাংলাদেশের দীর্ঘদিনের উন্নয়ন এবং ব্যবসায়িক সহযোগী। আমরা চীন থেকে আরো বেশি কারিগরি সহযোগিতা, বৈশ্বিক বিনিয়োগ, উদ্যোক্তা তৈরি এবং আর এম জি সেক্টরে বিনিয়োগের প্রত্যাশা করছি।

তিনি বলেন, বাংলাদেশ একটি জনবহুল দেশ হওয়ার সত্বেও অলিম্পিক খেলায় কোন স্বর্ণপদক অর্জন করতে পারে নাই। অলিম্পিক খেলায় খেলোয়ারদের ভালো করতে চীন-বাংলাদেশ একসাথে কাজ করতে আগ্রহী।

উপদেষ্টা বলেন, আমরা দায়িত্বভার নেওয়ার পরেই খেলোয়ারদের খেলার মান উন্নয়নে স্পোর্টস ইনস্টিটিউট প্রতিষ্ঠার ঘোষণা দিয়েছি; যার কার্যক্রম চলমান। আমরা একটি স্পোর্টস ভিলেজ নির্মাণের পরিকল্পনা নিয়েছি যেখানে দেশের ৫৫ টি ফেডারেশন একই জায়গায় তাদের কার্যক্রম পরিচালনা করতে পারবে। এই প্রকল্পে আপনাদের কারিগরি এবং আর্থিক বিনিয়োগ কামনা করছি।

এ সময় চীনের রাষ্ট্রদূত ওয়াও ওয়েন বলেন, আমরা চীন-বাংলাদেশের মধ্যকার কূটনৈতিক এবং ব্যবসায়িক সম্পর্ক উন্নয়নে একসাথে কাজ করতে চাই। তিনি বলেন, চীনের ক্রিকেট দলের উন্নয়নে বাংলাদেশের সহায়তা কামনা করছি।

স্বাক্ষরিত/-

মো: নূর আলম

জনসংযোগ কর্মকর্তা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

মোবাইল : ০১৭৪৪২৫৯৮৪৩